রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/০৩ অক্টোবর ২০২৩, খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-২৮১-আইন/আয়কর-১৩/২০২৩।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, দেশের যে সকল কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী Private Power Generation কোম্পানি ৩০ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে বিদ্যুৎ প্লান্ট স্থাপনের জন্য চুক্তিবদ্ধ হইয়াছে এবং যেইগুলির বাণিজ্যিক উৎপাদন ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে শুরু হইবে সেই সকল Private Power Generation কোম্পানিকে, নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

(ক) কেবল উহাদের বিদ্যুৎ উৎপাদন ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে পরবর্তী ১৫ (পনেরো) বৎসরের জন্য;

(খ) কোম্পানিতে কর্মরত বিদেশি ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;

(গ) কোম্পানি কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;

(ঘ) কোম্পানি কর্তৃক প্রদেয় royalties, technical know-how and technical assistance fees এর উপর;

(ঙ) কোম্পানির শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর।

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

শর্তাবলি:

(ক) কোম্পানিকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত আইনের সকল বিধানাবলি পরিপালন করিতে হইবে; এবং

(খ) কোম্পানিকে Private Sector Power Generation Policy of Bangladesh, 1996 এ নির্ধারিত সকল শর্তাবলি পূরণ করিতে হইবে এবং উক্ত Policy-তে বর্ণিত ব্যবস্থা অনুসারে কোম্পানিসমূহকে পরিচালিত হইতে হইবে।

২। ০১ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২১৩-আইন/আয়কর/২০১৩ এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com